



# নিরাপদ বাংলাদেশ গড়তে প্রতিটি ঘর থেকে দুর্যোগ ব্যবস্থাপনা শুরু করতে হবে-এম মাহমুদুর রশিদ

প্রকাশ : ১৪ অক্টোবর ২০২২, ০০:৫৫ | অনলাইন সংস্করণ

👤 নিজস্ব প্রতিবেদক



নিরাপদ বাংলাদেশ গড়তে প্রতিটি ঘর থেকে দুর্যোগ ব্যবস্থাপনা শুরু করতে হবে-এম মাহমুদুর রশিদ

বুধবার (১২ অক্টোবর) সকালে বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি)-তে আয়োজিত "ডিজাস্টার ম্যানেজমেন্ট এক্সারসাইজ ২.০" – কর্মশালায় এই কথা বলেন ইসাব মহাসচিব এম মাহমুদুর রশিদ। তিনি আরও বলেন বর্তমান সময়ে বাংলাদেশের চলমান অবকাঠামো উন্নয়ন বিস্ময়কর। এই উন্নয়নের অনবদ্য অংশ হচ্ছে দুর্যোগ ব্যবস্থাপনা। আমরা যদি আর রানা প্লাজা, তাজরীন গার্মেন্টস কিংবা বি এম কন্টেন্টের মতো ভয়াবহ দুর্ঘটনা দেখতে না চাই তবে আমাদের প্রতিটি ঘর এবং কর্মক্ষেত্রে সচেতনতা বৃদ্ধি করতে হবে এবং সর্বক্ষেত্রে যথাযথ দুর্যোগ ব্যবস্থাপনার প্রয়োগ করতে হবে। এজন্য প্রয়োজন সমাজের সর্বস্তরের অংশগ্রহণ।

শিক্ষার্থীর উদ্দেশ্যে তিনি আরও বলেন চাকুরির বাজারে এখন একটি আকর্ষণীয় ক্ষেত্র ফায়ার সেফটি, সিকিউরিটি এবং দুর্যোগ ব্যবস্থাপনা। এখানে বিপুল সম্ভাবনা রয়েছে। এই সেক্টরে ইতিমধ্যেই প্রায় ৫ হাজার এর বেশি কর্মসংস্থান সৃষ্টি হয়েছে এবং ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে।



কর্মশালায় ইসাবের পক্ষ থেকে বিভিন্ন তথ্য-উপাত্ত পরিবেশন করেন যুগ্ম সাধারণ সম্পাদক জাকির উদ্দিন আহমেদ। তিনি দেশে ঘটে যাওয়া বিভিন্ন সময়ের দুর্ঘটনার কেস স্টাডি তুলে ধরেন এবং শিক্ষণীয় অংশগুলো ব্যাখ্যা করেন।

প্রধান অতিথির বক্তৃতায় ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর মেয়র আতিকুল ইসলাম বলেন, 'বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড (বিএনবিসি) অনুযায়ী, ভবন নির্মাণের সময় ফায়ার সার্ভিস, পরিবেশ অধিদফতর, গ্যাস ও বিদ্যুত বিভাগের ছাড়পত্র নেওয়া বাধ্যতামূলক। উঁচু ভবনের ক্ষেত্রে এসবের সঙ্গে ফায়ার ডিটেক্টর, স্মোক ডিটেকটর এবং স্প্রিংকলা সিস্টেম থাকাও বাধ্যতামূলক। কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয় যে, রাজধানীসহ দেশের বিভিন্ন নগরীর বেশিরভাগ ভবন নির্মাণে এসব কোড ঠিকমতো মানা হয় না। যার ফলে বিভিন্ন সময় দুর্ঘটনা ঘটে।'

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিইউপি'র উপাচার্য মেজর জেনারেল মাহবুব-উল আলম, উপ-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন, রেজিস্ট্রার ব্রিগেডিয়ার জেনারেল আব্দুল্লাহ আল মামুন, ডিএনসিসির প্রধান প্রকৌশলী ব্রিগেডিয়ার জেনারেল মুহ. আমিরুল ইসলাম প্রমুখ।

**সম্পাদক: এম আলম**

**কর্পোরেট।প্রযুক্তি বাণিজ্যের সেরা পত্রিকা**

এপার্টমেন্ট সি১, প্লট-১২, ব্লক-এ, বর্ধিত পল্লবী, ঢাকা -১২১৬

ফোন-০১৭১১৫৭৭১৯১, ০১৮৫০৫০০০২৬

ইমেইল: corporate.magazinebd@gmail.com

| এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি